



সুখমল আখতার

মাঝরাতে উঠে দেখে সুখমল আখতার
ছট করে নেমে গেছে ইয়া উঁচু নাক তার !
হাতে নিয়ে আয়না
নাকি স্থরে বায়না
নিয়ে এসো কবিরাজ, নিয়ে এসো ডাক্তার,
অনেকটা নেমে গেছে ইয়া উঁচু নাক তার ।

এলো কতো লোকজন, এলো পাড়াপড়শি,
এলো লোহা-লকড়, এলো ছিপ বঁড়শি ;
বঁড়শি লাগিয়ে নাকে সারারাত চেঁচা,
খোঁতা নাক ভোঁতা হল পেয়ে গেল তেঁচা ।

প্লায়ার এনেছে যত্ন,

ছুটে আয়, ওরে মধু,

টেনে ধর নাকটাকে, দেখা যাক শেষটা,
কিচাইন পাকিয়েছে আজকের কেসটা ।

পৌঁচা-ডাকা রাত্রির—অবিরাম কর্ম,
বিলু যায় বিগড়িয়ে, গায়ে ছোটো ঘর্ম ।


নাক ভবু ওঠে না,

মুখে হাসি ফোটে না !

নিদারুণ সমস্যা, কি যে এর মর্ম,
উদ্ধার অসাধ্য—গায়ে ছোটো ঘর্ম ।

সুখমল কেঁদে ওঠে, বলে তার গতি কি ?
তার নাক গেলে পরে অপরের ক্ষতি কি !

বিজ্ঞানায় মুখ গুঁজে সে কি তার কারা !
পাশের বস্তি ঘরে সুবিমল মান্না
নিয়ে এলো কবিরাজ, নিয়ে এলো ডাক্তার
সুভীষণ অসুস্থ সুখমল আখতার ।
কবিরাজ দেখে বলে. থরহরি কম্প !
নিয়ে এসো নিউকাট, নিয়ে এসো লম্প,
তা হলেই যথেষ্ট, অসুখটা সারবে ;
আমি ছাড়া সে কি আর ডাক্তার পারবে ?



রাত্রির দেড়টায় নিউকাট মেলো না,
একাদশী রাতে টাঁদ সূর্যকে গেলে না,
সারাদিন ছট ফট ফট ফট পটকা.....
কবিরাজ দেখে তাই মনে লাগে খটকা ।
নাক দেখে ডাক্তার বলে দিল, নাক তার
সারবে না কোন দিন ; সুখমল আখতার
কেঁদে চলে সারারাত, বেড়ে চলে কান্না-
শেষ রাতে ফেঁউ ধরে সুবিমল মান্না ।



সাহেব পাড়ার পিটার
একশ পঁচিশ লিটার
মত্ গিলে
এই নিখিলে
বাজান শুধু গিটার।

বলছি শোন

তিড়িং বিড়িং গঙ্গা ফড়িং ধুং তাক্ তাক্ ধাঁ
গ্রীষ্ম কালের নোনতা হাসি দেখতে চাহি না ।

চ্যাং ট্যাঙা চ্যাং চ্যাঙ চ্যাঙা চ্যাং গ্যাঙর গ্যাঙর গ্যাং
ময়দানেতে মিটিং হবে ডাকবে কোলা ব্যাঙ ।

টিং টিঙা টিং ঠিং ঠিঙা ঠিং নিক্টি নাটিং টিং
তিন তালেতে তাল ধরেছে মুখোশ পরা কিং ।

বুন্ বুনাবুন্ চুন চুনাচুন্ কুন্ কুনা কুন্ কুন্
তিন পয়সার টাটকা কিলো গরীব লোকের খুন

লুংটি নাটিং লুংটি নাটিং টিম্ টিম্ টিম্ টিম্
ইন্ডিয়াতে মিলবে অনেক টাটকা ভীতুর ডিম ।

বুং কুব্ কুব্ বুং কুব্ কুব্ বিং কিরি কিব্ বিং
নির্বাচনে জিতলে পরে গজিয়ে ওঠে শিং ।

তিড়িং বিড়িং গঙ্গা ফড়িং ধুং তাক্ তাক্ ধাঁ
বলতে পারি অনেক তবু আর বলব না ॥

পড়তে বসে

পড়তে বসে
ঢুলছি কষে ;
ঠোঁটের পাশে
ছড়িয়ে আসে
বাক্যগুলো,
দেখছি খুলো
চক্ষুটাতে ।



কলম হাতে
গ্রন্থ খুলে,
সকল ভুলে
এমনি করে
রাত্রি ভোরে
তোতার ছড়া
যায়কি পড়া ?